গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
নিরাপদ খাদ্য শাখা

খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ইসমাইল হোসেন এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ২৫.০৬.২০২৩ |
| সভার সময় | বিকাল ৩-০০ ঘটিকা |
| স্থান | অনলাইন (জুম এ্যাপ) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে বিস্তারিত আলোচনার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা ড.সালমা মমতাজ, অতিরিক্ত সচিব (প্রশাসন)কে অনুরোধ করেন। কোন সংশোধনী না থাকায় নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। সংশ্লিষ্ট সদস্যদের আলোচনা ও মতামত পর্যালোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির ৩য় সভার সিদ্ধান্তের আলোকে গৃহিত কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা হয়।<br>* শুদ্ধাচার কার্যপরিধিতে সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ ও পরিলক্ষিত অন্তরায় দুরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রনয়ণ করার নির্দেশনা রয়েছে মর্মে আলোচনার প্রেক্ষিতে করণীয় কার্যক্রম সম্পর্কে বিস্তারিত বর্ণনা করা হয়।<br>* সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ছক মোতাবেক সংযুক্ত করণ। | (১) মন্ত্রণালয়ে প্রাপ্ত অভিযোগের তদন্ত প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রদান এবং অভিযোগ সংক্রান্ত তথ্যাদি হালনাগাদসহ দায়িত্বরত কর্মকর্তার তদন্তের সময়সীমা নির্ধারণপূর্বক ছক প্রদান করে তা সংশ্লিষ্ট কর্মকর্তাদের অবহিতকরণ পরবর্তীতে প্রমাণকসহ ০৫ জুলাই, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | উপসচিব (তদন্ত) |

| | | | |
|---|---|---|---|
| | | (২) খাদ্য অধিদপ্তরের ১ম শ্রেণির ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাদের এসিআর এর নিরাপত্তা, সংরক্ষণ ও তালিকা হালনাগাদকরণ কার্যক্রম সম্পন্ন করে প্রমাণক হিসেবে প্রস্তুতকৃত তালিকা ০৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।<br><br>গত ২৭-০৪-২০২৩ তারিখের সভায় আলোচনার আলোকে সকল খাদ্য ক্যাডার কর্মকর্তাদের তথ্যাদি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | যুগ্মসচিব (অভ্য.প্রশা-২) |
| | | (৩) কর্মকর্তাদের সম্পদ বিবরণী যথার্থতা নিশ্চিতে শুদ্ধাচার চর্চার নিমিত্ত ১০ম গ্রেড পর্যন্ত কর্মকর্তাদের ব্যক্তিগত আয়কর বিবরণী সংক্রান্ত প্রশিক্ষণ এবং প্রশিক্ষণের নোটিশ, হাজিরা ও ছবি সংরক্ষণ এবং প্রমাণক ০৫ জুলাই, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | উপসচিব (অভ্য.প্রশা-১) |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | মাঠ পর্যায়ে সরেজমিনে সভা বাস্তবায়ন করত অংশীজনের তালিকা করতে হবে (কর্মকর্তা/ভোক্তা/সংশ্লিষ্ট ক্ষেত্রে সুফলভোগী/ সুশীল সমাজ/সাংবাদিক/ঠিকাদার/ব্যবসায়ী ও অন্যান্য)। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মাঠ পর্যায়ে stakeholderদের সাথে যথাসময়ে সভায় অধিক সংখ্যক বিভিন্ন অধিক্ষেত্রের সুফলভোগীদের অবহিত করা হয়েছে এবং নোটিশ, হাজিরা ও ছবি সংরক্ষণ এবং প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | বাস্তবায়িত |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | নৈতিকতা কমিটির ৩য় সভার আলোচনা অনুযায়ী কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণ নিশ্চিতকরত প্রমাণকসহ এ শাখায় প্রেরণ করবে। | শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং প্রমাণক ০৫ জুলাই, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | উপসচিব (অভ্য.প্রশা-১) |

| | | | |
|---|---|---|---|
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ)। | অনুমোদিত ক্রয় পরিকল্পনা ৩য় কোয়ার্টার পর্যন্ত কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন না হওয়ায় সে বিষয়ে করণীয় পদক্ষেপ সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ০৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম ছাড়কৃত অর্থের বিপরীতে বাস্তবায়ন নিশ্চিতকরত প্রমাণকসহ প্রেরণ করতে হবে। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি/ অর্জন সম্ভব না হলে উপযুক্ত ব্যাখ্যাসহ ০৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ) |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | সূচকে অর্থ মন্ত্রণালয় কর্তৃক ছাড়কৃত অর্থের পরিমাণ অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি হিসাব করতে হবে। ৩য় কোয়ার্টার পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচি কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন না হওয়ায় সে বিষয়ে করণীয় পদক্ষেপ সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে ও অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনা মোতাবেক যথাসময়ে নির্ধারিত কার্যক্রম বাস্তবায়নে তৎপর থাকতে হবে এবং প্রমাণক প্রেরণ করতে হবে। এডিপি বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি/ অর্জন সম্ভব না হলে উপযুক্ত ব্যাখ্যাসহ ০৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ) |
| ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | পিএসসি সভা শতভাগ বাস্তবায়ন করতে হবে। বিষয়টি সভায় আলোচনা করা হয়। এ মন্ত্রনালয়ের নিজস্ব প্রকল্প না থাকায় পিআইসি সভার সুযোগ নেই। | কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সংখ্যক সভা বাস্তবায়ন করতে হবে এবং প্রমাণক(নোটিশ/হাজিরা/কার্যবিবরনী) ০৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ) |

| | | | |
|---|---|---|---|
| ২.৫ সমাপ্ত প্রকল্পের সম্পদ সংস্থাপন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারি ২০০৬ তারিখের নং সম (পরি)-স্থায়ী কমিটি /৪৪/২০০৫ (অংশ)-৭২১ নম্বর পরিপত্র এবং ১১মে ১৯৯৯ তারিখের নং-সম (পরি)প-৫/৯৮-১৫৮ (২০০) নম্বর পরিপত্র মোতাবেক নির্ধারিত সময়ে হস্তান্তর করতে হবে। | শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২.৫ নম্বর সূচকের মান ৫-এর পরিবর্তে ৩ হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্রস্থ পরিপত্র মোতাবেক যথাযথভাবে প্রকল্পের যানবাহনসহ অন্যান্য মালামাল হস্তান্তর/ সংরক্ষণ বিষয়ে কার্যক্রম সম্পাদন করতে হবে এবং প্রমাণক ০৫ যে সকল কর্মকর্তা সুদমুক্ত ঋণে গাড়ি ক্রয় করেছেন<br>তারা মন্ত্রণালয় টিওএন্ডইভুক্ত গাড়ি ব্যবহার করেন না মর্মে অথবা বিধিমোতাবেক গাড়ি ব্যবহার করছেন মর্মে প্রত্যয়নপত্র সচিব মহোদয়ের নিকট দাখিল করবেন জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ) |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ২০২২-২৩ এর মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ। | ৩.১ নম্বর সূচকের মান ৩- এর পরিবর্তে ৫ হবে।সরকারী যানবাহন ব্যবহার ও যে সকল কর্মকর্তা সুদমুক্ত ঋণে গাড়ি ক্রয় করেছেন তারা মন্ত্রণালয় টিওএন্ডইভুক্ত গাড়ি ব্যবহার করেন না মর্মে অথবা বিধিমোতাবেক গাড়ি ব্যবহার করছেন মর্মে প্রত্যয়নপত্র সচিব মহোদয়ের নিকট দাখিল বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক যথাযথ প্রকল্পের যানবাহনসহ সকল যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং সে লক্ষ্যে নির্দেশনা মোতাবেক অন্যান্য মালামাল সংরক্ষণ বিষয়ে কার্যক্রম সম্পাদন এবং পরিপত্র অনুযায়ী প্রমাণক ০৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।<br><br>যে সকল কর্মকর্তা সুদমুক্ত ঋণে গাড়ি ক্রয় করেছেন তারা মন্ত্রণালয় টিওএন্ডইভুক্ত গাড়ি ব্যবহার করেন না মর্মে অথবা বিধিমোতাবেক গাড়ি ব্যবহার করছেন মর্মে প্রত্যয়নপত্র সচিব মহোদয়ের নিকট দাখিল করবেন এবং প্রমাণক ০৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | উপসচিব (সেবা)/ সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ৩.২ "খাদ্য অধিদপ্তরাধীন যে কোন ১টি জেলার ২টি উপজেলার ২টি এলএসডি এর শ্রম হ্যান্ডেলিং কার্যক্রমের জন্য অর্থ মন্ত্রণালয়ের নির্ধারিত ষ্ট্যান্ডার্ড শ্রমিক মজুরি ও ঠিকাদার কমিশন বাস্তবায়ন" | স্বচ্ছতা ও জবাবদিহিতা অধিকতর নিশ্চিতে খাদ্য অধিদপ্তরের স্থাপনায় নির্ধারিত পদ্ধতিতে শ্রমিক মজুরি ও ঠিকাদার কমিশন নিশ্চিত কার্যক্রম সমাপ্ত হয়েছে।প্রযোজ্যঅন্যান্য স্থাপনায় এ কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নির্ধারিত পদ্ধতিতে শ্রমিক মজুরি ও ঠিকাদার কমিশন নিশ্চিত কার্যক্রমের প্রমাণক(নোটিশ/কার্যাদেশ/মজুরী প্রদান ) নিশ্চিত করতে হবে। | উপসচিব (সরবরাহ-২ শাখা) |
| ৩.৩ খাদ্য অধিদপ্তরের অডিট সফটওয়্যারের এন্ট্রিকৃত সকল অডিটের মধ্যে কোন কর্মচারীর ব্যক্তিনামে আপত্তি থাকলে তা শনাক্তকরণ, নিষ্পত্তির সুপারিশ ও শনাক্তকরণের পদ্ধতি প্রবর্তন করে পেনশন প্রদানে স্বচ্ছতা আণয়ন নিশ্চিতে ৭৫% ডাটা এন্ট্রিকরণ। | এ কার্যক্রম বাস্তবায়িত হয়েছে ।বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে অধিক ডাটা সংরক্ষণের জন্য স্পেচ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ডাটা সংরক্ষণের জন্য স্পেচ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং পরিকল্পনা মোতাবেক বাস্তবায়িত প্রতিবেদন ০৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রমাণক প্রেরণ করতে হবে। | উপসচিব (অডিট-১) |
| ৩.৪ খাদ্য মন্ত্রণালয়ের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের এর প্রধান কর্তৃক ২টি প্রকল্পের প্রতিটির একটি করে কম অগ্রগতি সম্পন্ন কাজের Visual পরিদর্শন প্রতিবেদন প্রদান এবং তা বাস্তবায়ন সংক্রান্ত Visual বাস্তবায়ন প্রতিবেদন গ্রহণের মাধ্যমে Visual Monitoring পদ্ধতি চালুকরণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ। | নির্ধারিত প্রকল্প ভার্চুয়ালি ও ফিজিক্যাল পরিদর্শন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয় এবং নির্ধারিত সময়ে তুলনামূলক কার্যক্রমের অগ্রগতি নিশ্চিতের প্রমাণক(হালনাগাদ) সম্পর্কে আলোচনা হয়। | নির্ধারিত প্রকল্প ভার্চুয়াল ও ফিজিক্যাল পরিদর্শনের তুলনামূলক কার্যক্রমের (হালনাগাদ)অগ্রগতি নিশ্চিতকরণ প্রতিবেদন প্রমাণক ০৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ) |

<u>আলোচ্যসূচি-৩.১:</u> মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রনীত ২০২৩-২৪ অর্থবছরের জন্যে নির্দেশিকা অনুযায়ী গত ২৭-০৪-২০২৩ তারিখের আলোচনার প্রেক্ষিতে স্ব স্ব প্রতিষ্ঠানের নির্ধারিত কর্মপরিকল্পনা সম্পর্কিত আলোচনা করা হয় এবং কর্মপরিকল্পনা আংশিক সংশোধনপূর্বক অনুমোদন দেয়া হয়।এ মন্ত্রণালয় ও অধিদপ্তর/ সংস্হার সংশ্লিষ্ট কর্মকর্তাদের শুদ্ধাচার সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং  কর্মপরিকল্পনা আপলোড করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্তঃ ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে শুদ্ধাচার সংক্রান্ত সফটওয়্যারে আপলোড করার নিমিত্ত শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রমাণকসমূহ প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। একই

সাথে ২০২৩-২৪ অর্থবছরে কোয়ার্টার ভিত্তিক সফটওয়্যার মূল্যায়ন সম্পাদিত হবে সেক্ষেত্রে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অধিকতর সচেতন থাকতে হবে।

৩.২: ২০২২-২০২৩ অর্থবছরে মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থার কর্মচারিদের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ে এ মন্ত্রণালয়ের সচিব জনাব মো. ইসমাইল হোসেন এনডিসি এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সদস্যদের সমন্বয়ে মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১ অনুযায়ী মনোনয়নপ্রাপ্ত কর্মচারীদের আনুষ্ঠানিকভাবে মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়ের উপস্থিতিতে পুরস্কার প্রদান হয়।মাননীয় মন্ত্রী ও সচিব,খাদ্য মন্ত্রনালয় নৈতিকতা/শুদ্ধাচার চর্চার বিষয়ে কর্মচারিদের অনুপ্রানিত করতে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৬৬.৯৯.০০৩.২২.১৬১

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
২) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৩) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৪) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৫) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৬) উপ-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৭) সিনিয়র সহকারী সচিব (সকল) খাদ্য মন্ত্রণালয়
৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
৯) সহকারী সচিব (সকল)/সমমান
১০) সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

সৌরেন্দ্র নাথ সাহা
যুগ্মসচিব